

📃 আস-সাফফাত | As-Saffat | أُلصًا فًات

আয়াতঃ ৩৭:৩০

💵 আরবি মূল আয়াত:

وَ مَا كَانَ لَنَا عَلَيكُم مِّن سُلطن إِبَل كُنتُم قَومًا طَغِينَ ﴿٣٠﴾

আর তোমাদের উপর আমাদের কোন কর্তৃত্ব ছিল না, বরং তোমরা ছিলে সীমালজ্যনকারী কওম'। — আল-বায়ান আর তোমাদের উপর আমাদের কোন কর্তৃত্বও ছিল না, বরং তোমরা ছিলে সীমালজ্যনকারী জাতি। — তাইসিরুল এবং তোমাদের উপর আমাদের কোন কর্তৃত্ব ছিলনা; বস্তুতঃ তোমরাই ছিলে সীমালংঘনকারী সম্প্রদায়। — মুজিবুর রহমান

And we had over you no authority, but you were a transgressing people. — Sahih International

৩০. এবং তোমাদের উপর আমাদের কোন কর্তৃত্ব ছিল না; বস্তুত তোমরাই ছিলে সীমালংঘনকারী সম্প্রদায়।

তাফসীরে জাকারিয়া

- (৩০) এবং তোমাদের ওপর আমাদের কোন কর্তৃত্ব ছিল না; বস্তুতঃ তোমরাই ছিলে সীমালংঘনকারী সম্প্রদায়। [1]
 - [1] দলপতি ও অনুগামী তথা গুরু ও চেলার এইরূপ আপোসের বচসা কুরআন কারীমে বেশ কিছু জায়গায় বর্ণনা করা হয়েছে। তাদের এক অপরের এই বচসা হাশরের ময়দানেও চলবে এবং জাহান্নামী হওয়ার পরে জাহান্নামের ভিতরেও চলবে। দেখুনঃ সূরা মু'মিন ৪৭-৪৮, সূরা সাবা ৩১-৩২, সূরা আহ্যাব ৬৭-৬৮, সূরা আ'রাফ ৩৮-৩৯ ইত্যাদি আয়াতসমূহ।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3818

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন